

পশ্চিমবঙ্গ সরকার  
পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ  
জেশপ বিল্ডিং (দ্বি-তল), ৬৩, এন. এস. রোড  
কলকাতা - ৭০০ ০০১

নং - ৫২২৩/এন/ও/এক/১এ-১/০৩(অংশ-৩)

তারিখ : ২৫/০৮/২০০৫

আদেশনামা

যেহেতু পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩ -এর পশ্চিমবঙ্গ আইন ৪১)-এর ৩২ ক (২) ধারা অনুযায়ী গ্রাম পঞ্চায়েত স্তরে ইতিমধ্যে উপসমিতি গঠিত হয়েছে ;

এবং যেহেতু ইতিমধ্যে সারা রাজ্যের বিভিন্ন জেলায় ৭৭ (সাতাত্তর) -টি গ্রাম পঞ্চায়েতে স্ব-নির্ভর দলগুলিকে জোটবদ্ধ করে বিশেষ কর্মসূচির মাধ্যমে ১৩৭ (একশত সাঁইত্রিশ) -টি সংঘ বা ক্লাস্টার গঠিত হয়েছে ;

এবং যেহেতু সরকার সিদ্ধান্ত গ্রহন করেছেন যে, গ্রাম পঞ্চায়েত স্তরে স্ব-নির্ভর দলগুলির ক্রিয়াকলাপ বিস্তৃত করার উদ্দেশ্যে তৃণমূল স্তরে দরিদ্র ও গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও ঐ সংক্রান্ত তথ্যাবলীর প্রচার করা হবে ;

এবং যেহেতু সঠিক লক্ষ্যে উপনীত হওয়ার জন্য গ্রাম পঞ্চায়েত স্তরে বিভিন্ন উপসমিতিতে স্ব-নির্ভর দলগুলির দ্বারা গঠিত সংঘ বা ক্লাস্টার থেকে এক বা দুইজন প্রতিনিধি আমন্ত্রিত সদস্য রূপে মনোনীত হওয়া আবশ্যিক ;

অতএব, পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩ (১৯৭৩ -এর পশ্চিমবঙ্গ আইন ৪১) -এর ২১২ এবং ৩২ ক (৩) (গ) (ii) ধারা বলে রাজ্যপাল এই মর্মে সন্তোষ সহকারে নির্দেশ প্রদান করেছেন যে, ইতিমধ্যে যে সকল গ্রাম পঞ্চায়েতে স্ব-নির্ভর দলগুলিকে একত্রিত করে ঐ সংঘ গঠিত হয়েছে সেই সকল গ্রাম পঞ্চায়েতের সকল উপসমিতির বৈঠকে ঐ পূর্বোক্ত সংঘ বা ক্লাস্টার থেকে এক বা দুইজন প্রতিনিধি আমন্ত্রিত সদস্য রূপে

অংশ গ্রহন করবেন ও সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতগুলি ঐ প্রতিনিধিদের ঐ বৈঠকে আহ্বান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবে।

উক্ত ধারা বলে রাজ্যপাল সন্তোষ সহকারে আরও নির্দেশ প্রদান করছেন যে, উপরোক্ত ৭৭টি গ্রাম পঞ্চায়েত ব্যতীত অন্যান্য গ্রাম পঞ্চায়েতে একই উদ্দেশ্যে স্ব-নির্ভর দলগুলিকে জোটবদ্ধ করে ঐরূপ সংঘ বা ক্লাষ্টার গঠিত হলে ঐ গ্রাম পঞ্চায়েতগুলির ক্ষেত্রেও এই আদেশনামা অনুরূপ ভাবে প্রযোজ্য হবে।

এই আদেশনামা অবিলম্বে কার্যকরী হবে ও পুনরায় আদেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

রাজ্যপালের আদেশানুসারে,

স্বা:- মানবেন্দ্র নাথ রায়  
সচিব  
পশ্চিমবঙ্গ সরকার

নং - ৫২২৩/১(১০)/এন/ও/এক/১এ-১/০৩(অংশ-৩)

তারিখ : ২৫/০৮/২০০৫

অনুলিপি জ্ঞাতার্থে এবং প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বনের জন্য পাঠানো হল :-

- ১) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন, পশ্চিমবঙ্গ, পঞ্চায়েত ভবন, কলকাতা।
  - ২) অধিকর্তা, রাজ্য পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সংস্থা, কল্যাণী, নদীয়া।
  - ৩) সভাপতি, -----জেলা পরিষদ (সকল)।
  - ৪) জেলাশাসক, -----জেলা (সকল)।
  - ৫) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, -----জেলা পরিষদ (সকল)।
  - ৬) প্রকল্প আধিকারিক, -----ডি. আর. ডি. সি. (সকল)।
  - ৭) মহকুমা শাসক, -----(সকল)।
  - ৮) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, -----জেলা (সকল)।
  - ৯) ব্লক উন্নয়ন আধিকারিক, -----ব্লক (সকল)।
- গ্রামপঞ্চায়েত প্রধানদের অবিলম্বে জানানোর জন্য অনুরোধ করা হল।
- ১০) এই বিভাগের সকল শাখা।

যুগ্ম সচিব

পশ্চিমবঙ্গ সরকার

